

হাদীস সম্ভার

হাদিস নম্বরঃ ৩৭৮৯

২৯/ দু'আ ও যিকর

পরিচ্ছেদঃ 'হে আল্লাহ! তুমি যদি চাও, তাহলে আমাকে ক্ষমা কর' কারো এরূপ দু'আ করা মাকরুহ; বরং দৃঢ়চিত্তে প্রার্থনা করা উচিত

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ ﷺ قَالَ لَا يَقُولَنَّ أَحَدُكُمْ : اللَّهُمَّ اغْفِرْ لِي إِنْ شِئْتَ : اللَّهُمَّ ارْحَمْنِي إِنْ شِئْتَ لِيَعْزِمَ الْمَسْأَلَةَ فَإِنَّهُ لَا مُكْرَهَ لَهُ مُتَّفَقٌ عَلَيْهِ
وفي رواية لمسلم وَلَكِنْ لِيَعْزِمَ وَلِيَعْزِمَ الرَّغْبَةَ فَإِنَّ اللَّهَ تَعَالَى لَا يَتَعَاطَمُهُ شَيْءٌ أَعْطَاهُ

বাংলা

(৩৭৮৯) আবু হুরাইরা (রাঃ) হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, তোমাদের কেউ যেন 'হে আল্লাহ! তুমি যদি চাও, তাহলে আমাকে ক্ষমা কর', হে আল্লাহ! তুমি যদি চাও, তাহলে আমার প্রতি দয়া কর' অবশ্যই না বলে। বরং যেন দৃঢ়চিত্তে প্রার্থনা করে। কারণ, তাঁকে কেউ বাধ্য করতে পারে না। (মুসলিম ৬৯৮৯)

মুসলিমের এক বর্ণনায় আছে, বরং সে যেন দৃঢ়চিত্তে চায় এবং যেন বিরাট আগ্রহ প্রকাশ করে। কেননা, আল্লাহ তাআলার দৃষ্টিতে প্রার্থিত বস্তু দান করা কোন বড় ব্যাপার নয়। (৬৯৮৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=67537>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন